

টাবির কর্মকর্তা-কর্মচারীদের সাথে অসদাচরণের অভিযোগে দুই শিক্ষকের শাস্তি দাবি

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ■

টাবি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের মাগাজার কর্মবিরতির ফলে প্রশাসনিক ভবনে অসদাচরণের সৃষ্টি হয়েছে। কর্মকর্তাদের সঙ্গে দুই শিক্ষকের কথিত অসদাচরণের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্মকর্তা-কর্মচারীরা প্রতিদিন দু'ঘণ্টা কর্মবিরতি শুরু করেছে। অসদাচরণে অভিযুক্ত দুই শিক্ষকের বিচার না হওয়া পর্যন্ত তারা এ কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে।

জানা গেছে, গত সোমবার প্রশাসনিক ভবনের কর্মকর্তাদের কাছ শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের সহকারী অধ্যাপক এটিএন আছুচায়েল শান্তি ব্যক্তিগত নবি থেকে কাগজপত্র দিতে বলেন। কিন্তু কর্মকর্তারা কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কাগজপত্র দিতে অস্বীকৃতি জানালে তিনি ও আমুন জৌধুরী তাদেরকে অকথা ভাষায় গালিগালাজ করেন। ঘটনাটি কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ছড়িয়ে পড়লে সবার মতে অসন্তোষ সৃষ্টি হয়। ঘটনা সৃষ্টি তদন্তের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মঙ্গলবার ছয় সদস্যের তথ্যানুসন্ধান কমিটি গঠন করে। কমিটি প্রত্যাহান করে কর্মকর্তা ও কর্মচারীরা দুই শিক্ষকের শান্তি দাবিতে মাগাজার কর্মবিরতি ঘোষণা করে।

গতকাল কর্মকর্তা ও কর্মচারীরা সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত কর্মবিরতি পালন করে। পরে আমতলায় এক সমাবেশে কর্মকর্তা ও কর্মচারী সমিতির নেতৃবৃন্দ তথ্যানুসন্ধান কমিটিতে কর্মকর্তা ও কর্মচারীদের ৪ জন প্রতিনিধি রাখার দাবি

জানান। ঘটনার সৃষ্টি তদন্ত না হওয়া পর্যন্ত প্রতিদিন দু'ঘণ্টা কর্মবিরতি পালন করা হবে বলেও তারা জানান। কর্মবিরতি পালন শেষে কর্মকর্তা ও কর্মচারীরা বিশ্ববিদ্যালয় তিনি অধ্যাপক এ.এস.এম.এ ফায়োজের সঙ্গে দেখা করে দোষীদের শাস্তির দাবি জানান।